

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 26-01-2026**

**Time: 07:55-08:05 PM Hrs**

**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) যথাযোগ্য মর্যাদায় আজ দেশজুড়ে ৭৭তম প্রজাতন্ত্র দিবস উদযাপিত।
- (২) দিল্লীর কর্তব্য পথে অনুষ্ঠিত বর্ণাঢ্য কুচকাওয়াজ, দেশের গণতন্ত্রের শক্তি, ঐতিহ্যের সমৃদ্ধি এবং জাতীয় ঐক্যকে তুলে ধরেছে, বলেছেন- প্রধানমন্ত্রী।
- (৩) ৭৭ তম প্রজাতন্ত্র দিবসে রাজ্যেও নানা কর্মসূচির আয়োজন।
- (৪) ফটিকরায়ের "নেতাজি সুভাষচন্দ্র বসু স্মৃতি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন।

\*\*\*\*\*

**Republic Day-Nation:**

যথাযোগ্য মর্যাদায় আজ দেশজুড়ে ৭৭তম প্রজাতন্ত্র দিবস উদ্‌যাপন করা হচ্ছে। নতুন দিল্লীর কর্তব্য পথে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্রজাতন্ত্র দিবস উদ্‌যাপনে দেশকে নেতৃত্ব দেন। এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতীয় স্মৃতিসৌধে শহীদ বীরযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এবছর প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউরোপীয় কাউন্সিলের সভাপতি আন্তোনিও কোস্তা এবং ইউরোপীয় কমিশনের সভাপতি উরসুলা ভন ডার লেয়েন। এরপর জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং ২১ বার তোপধ্বনির সঙ্গে জাতীয় সংগীত পরিবেশিত হয়। রাষ্ট্রপতি ভারতের সর্বোচ্চ শান্তিকালীন বীরত্ব পুরস্কার অশোক চক্র ভারতীয় বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লার হাতে তুলে দেন।

দিল্লীৰ কৰ্তব্য পথে অনুষ্ঠিত প্রজাতন্ত্ৰ দিবসেৰ কুচকাওয়াজে ভাৰতেৰ সাংস্কৃতিক বৈচিত্ৰ্য ও সামৰিক সক্ষমতাৰ এক অনন্য সমন্বয় তুলে ধৰা হয়।

\*\*\*\*\*

**PM:**

প্রধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদি বলেছেন, ভাৰত অত্যন্ত উৎসাহ ও গৰ্বেৰ সঙ্গে আজ প্রজাতন্ত্ৰ দিবস উদ্‌যাপন কৰছে। সামাজিক মাধ্যমে দেওয়া এক পোস্টে প্রধানমন্ত্ৰী বলেন, কৰ্তব্য পথে অনুষ্ঠিত বৰ্ণাঢ্য কুচকাওয়াজ, দেশেৰ গণতন্ত্ৰেৰ শক্তি, ঐতিহ্যেৰ সমৃদ্ধি এবং জাতীয় ঐক্যকে তুলে ধৰেছে। তিনি বলেন, এই কুচকাওয়াজ ভাৰতেৰ শক্তিশালী নিৰাপত্তা ব্যবস্থাও প্রদৰ্শন কৰেছে, যা দেশেৰ প্রস্তুতি, প্রযুক্তিগত সক্ষমতা এবং নাগৰিকদেৰ সুরক্ষায় অবিচল অঙ্গীকাৰেৰ প্রতিফলন।

\*\*\*\*\*

**REPUBLIC DAY- ASSAM RIFFLES:**

ৰাজ্যেও আজ উৎসাহ ও উদ্দীপনায় ৭৭ তম প্রজাতন্ত্ৰ দিবস উদ্‌যাপিত হয়। ৰাজ্যেৰ মূল অনুষ্ঠানটি হয় আগৰতলাৰ আসাম ৱাইফেলস ময়দানে। এখানে জাতীয় পতাকা উত্তোলন কৰেন ৰাজ্যপাল ইন্দ্ৰসেনা ৱেজিড নাল্লু। তিনি বিভিন্ন বাহিনীৰ সমবেত কুচকাওয়াজ পৰিদৰ্শন কৰেন ও অভিবাদন গ্ৰহন কৰেন। ৰাজ্যবাসীৰ উদ্দেশ্যে ভাষনে ৰাজ্যপাল, সুখ শান্তিময় এবং সমৃদ্ধ ত্ৰিপুৰা গড়ার জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

#####Byte Governor#####

ৰাজ্যপাল বলেন, ৰাজ্য সৰকাৰ একাধিক উদ্যোগ নিয়েছে যা সমৃদ্ধ ও স্বনিৰ্ভৰ ত্ৰিপুৰা গড়ে তোলার মাধ্যমে এক নতুন অধ্যায় সৃষ্টি কৰবে। ৰাজ্যপাল বলেন, মুখ্যমন্ত্ৰী গত বছৰ ২৩শে জুন ত্ৰিপুৰাকে পূৰ্ণ স্বাক্ষৰ ৰাজ্য হিসাবে ঘোষণা

করেন, যা রাজ্যের জন্য একটি ঐতিহাসিক মাইল ফলক। এই সাফল্য ত্রিপুরাকে দেশের তৃতীয় পূর্ণ স্বাক্ষর রাজ্য হিসাবে স্বীকৃতি এনে দিয়েছে। রাজ্যপাল শিক্ষা, কৃষি, মতস্বাচাৰ, পর্যটন, শিল্প, প্রভৃতি ক্ষেত্রে ত্রিপুরার অগ্রগতির কথা উল্লেখ করেন। নেশামুক্ত ত্রিপুরা গড়তে ও আইন শৃঙ্খলায় যুক্ত বিভিন্ন বাহিনীতে যোগদানের সুযোগ গ্রহণের জন্য রাজ্যপাল যুবদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচার্য, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশ মহানিৰ্দেশক অনুরাগ প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## REPUBLIC DAY- ASSAM RIFLES:

রাজ্যেও আজ উৎসাহ ও উদ্দীপনায় ৭৭ তম প্রজাতন্ত্র দিবস উদযাপিত হয়। রাজ্যের মূল অনুষ্ঠানটি হয় আগরতলার আসাম রাইফেলস ময়দানে। এখানে জাতীয় পতাকা উত্তোলন করেন রাজ্যপাল ইন্ড্রসেনা রেজিড নাল্লু। তিনি বিভিন্ন বাহিনীর সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন ও অভিবাদন গ্রহণ করেন। রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষণে রাজ্যপাল, সুখ শান্তিময় এবং সমৃদ্ধ ত্রিপুরা গড়ার জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

#####Byte Governor#####

রাজ্যপাল বলেন, রাজ্য সরকার একাধিক উদ্যোগ নিয়েছে যা সমৃদ্ধ ও স্বনির্ভর ত্রিপুরা গড়ে তোলার মাধ্যমে এক নতুন অধ্যায় সৃষ্টি করবে। রাজ্যপাল শিক্ষা, কৃষি, মতস্বাচাৰ, পর্যটন, শিল্প, প্রভৃতি ক্ষেত্রে ত্রিপুরার অগ্রগতির কথা উল্লেখ করেন। নেশামুক্ত ত্রিপুরা গড়তে ও আইন শৃঙ্খলায় যুক্ত বিভিন্ন বাহিনীতে যোগদানের সুযোগ গ্রহণের জন্য রাজ্যপাল যুবদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচার্য, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশ মহানির্দেশক অনুরাগ প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## **CM Greetings Republic Day :**

৭৭ তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি বলেন, সংবিধানের প্রতি দায়িত্বনিষ্ঠ থেকে সকল নাগরিকদের উচিত উন্নত দেশ ও জাতি গঠনে নিজেদের নিয়োজিত করা। জাতির এই পবিত্র দিনে দেশপ্রেমী বীর শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে সকলের উজ্জ্বল ভবিষ্যৎ ও সমৃদ্ধি কামনা করেন তিনি।

\*\*\*\*\*

## **ADC- Republic Day:**

ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদের উদ্যোগে আজ যথাযথ মর্যাদায় ৭৭ তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। এডিসির চেয়ারম্যান জগদীশ দেববর্মা আজ সকালে খুম্পুই একাডেমী মাঠে জাতীয় পতাকা উত্তোলন করেন। পরে তিনি সিআরপিএফ ও টিএসআর জওয়ানদের অভিবাদন গ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া সহ অন্যান্য নির্বাহী সদস্যগণ। অনুষ্ঠানে আরক্ষা দপ্তর সহ স্বশাসিত জেলা পরিষদ এলাকার স্কুল কলেজের এনসিসি ক্যাডেটরা কুচকাওয়াজে অংশ নেন।

\*\*\*\*\*

## **Republic day, Ratanlal Nath:**

৭৭ তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে আজ সকালে কৃষি মন্ত্রী রতনলাল নাথ গান্ধীঘাটে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং জাতির জনক মহাত্মা গান্ধী ও

অন্যান্য বীর শহীদদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এছাড়া অ্যালবার্ট এক্সা পার্কেও বীর জওয়ানদের শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন মন্ত্রী শ্রী নাথ, পুলিশ ও সেনাবাহিনীর উচ্চ পদস্থ আধিকারিকরা।

পরে শ্রী নাথ, মহাকরণে জাতীয় পতাকা উত্তোলন করেন।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## Republic Day-State:

নানা কর্মসূচির মধ্য দিয়ে বিভিন্ন জেলা ও মহকুমা সদরেও ৭৭তম প্রজাতন্ত্র দিবস উদযাপিত হয়। গোমতি জেলার মূল অনুষ্ঠিটি হয় উদয়পুর কে. বি. আই মাঠে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। তিনি তাঁর ভাষণে সরকারের উন্নয়নমূলক কাজে সকলকে সহযোগিতা করার আহ্বান জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেব রায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার প্রমুখ।

অমরপুর মহকুমার স্কুল মাঠে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক রঞ্জিত দাস। করবুক মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে করবুক পাঞ্জিহাম স্কুলে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা।

সিপাহীজিলা জেলার মূল অনুষ্ঠানটি হয় বিশ্রামগঞ্জ মিনি স্টেডিয়ামে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করে, কুচকাওয়াজ প্রদর্শন ও অভিবাদন গ্রহণ করেন বনমন্ত্রী অনিমেঘ দেববর্ম। পুলিশ টিএসআর, NCC, NSS সহ মোট ১৪টি প্লাটুন প্যারেডে অংশ নেই। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত সহ অন্যান্যরা।

সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশন মাঠে মহকুমা ভিত্তিক মূল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কিশোর বর্ম।

উনকোটি জেলার মূল অনুষ্ঠানটি হয় জেলাসদর কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে। সেখানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। তিনি সমবেত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ প্রমুখ।

ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশন মাঠে জেলা ভিত্তিক অনুষ্ঠানের জাতীয় পতাকা উত্তোলন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী শ্রীমতি সান্তনা চাকমা।।

এদিকে ধর্মনগর এস ডি এম অফিস চত্বরে মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক যাদব লাল নাথ।

কাঞ্চনপুরে মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক ফিলিপ কুমার রিয়াঙ।

পানিসাগরে মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস।

ধলাই জেলার মূল অনুষ্ঠানের আয়োজন হয় আমবাসা দশমীঘাট মাঠে। সেখানে, জাতীয় পতাকা উত্তোলন করেন মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস।

কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক মনোজ কান্তি দেব।

খোয়াই জেলার মূল অনুষ্ঠানটির আয়োজন করা হয় খোয়াই বিমান বন্দর মাঠে। এখানে জাতীয় পতাকা উত্তোলন করেন রাজ্যের জনজাতি পরিবার কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা।

৭৭ তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে আজ জিরানীয়া বীরেন্দ্র নগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন পরিবহন ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে দক্ষিণ জেলা ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, স্বপ্না মজুমদার প্রমুখ।

শান্তিরবাজার ডিগ্রি কলেজ মাঠে মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক প্রমোদ রিয়াং।

সাব্রম মেলার মাঠে সাব্রম মহকুমা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে পতাকা উত্তোলন করেন বিধায়ক মাইলাফু মগ।

কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক মনোজ কান্তি দেব।

\*\*\*\*\*

### **Republic Day BJP, CPIM, Congress:**

বিজেপি প্রদেশ কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, সহ-সভাপতি সুবল ভৌমিক, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা।

মেলার মাঠ সিপিআইএম রাজ্য কার্যালয়ে প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন দলের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। উপস্থিত ছিলেন দলের অন্যান্য নেতাকর্মীরা।

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। আগরতলার কংগ্রেস ভবন জাতীয় পতাকা উত্তোলন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা। উপস্থিত ছিলেন বিধায়ক সুদীপ রায় বর্মণ সহ অন্যান্যরা।

\*\*\*\*\*

### **Ex-Military Confarence:**

৭৭ তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে আজ আগরতলার প্রজ্ঞাভবনে প্রাক্তন সৈনিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের সাধারণ প্রশাসনের অতিরিক্ত সচিব তরুণ কুমার দেববর্মা। এছাড়াও উপস্থিত ছিলেন ডাইরেক্টরেট অফ সৈনিক ওয়েলফেয়ারের অধিকর্তা পরমজিৎ সিং সহ অন্যান্যরা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শ্রী দেববর্মা বলেন, রাজ্য সরকার প্রাক্তন সৈনিকদের কল্যাণে সর্বোতভাবে চেষ্টা করছে। সংশ্লিষ্ট



পরিবারের লোকজনদের বিভিন্ন প্রকল্পে কর্মসংস্থানের ক্ষেত্রেও বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*

### **Blood Donation Mayor:**

বেদবাণী সংঘের উদ্যোগে রামঠাকুরের ১৬৬তম জন্মোৎসব উপলক্ষে নোয়াগাঁও কৃষ্ণনগরের শীতলাবাড়ী প্রাঙ্গণে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন কর্পোরেটর শম্পা সেন। শিবিরে মোট ৪১ জন রক্তদান করেন।

\*\*\*\*\*

### **UNAKOTI-Sports:**

ফটিকরায়ে়র কৃষ্ণনগর বাণীমন্দির বিদ্যালয় মাঠে আজ "নেতাজি সুভাষচন্দ্র বসু স্মৃতি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। তিনি তাঁর ভাষণে রাজ্যে ক্রীড়া পরিকাঠামোগত উন্নয়নের পাশাপাশি ক্রীড়াবিদদের সম্মান দিচ্ছে রাজ্য সরকার। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, পুলিশ সুপার সুধাশ্বিকা আর প্রমুখ। এই টুর্নামেন্টে দশটি দল অংশ নিচ্ছে। চ্যাম্পিয়ন দল এক লক্ষ টাকা ও রাণার্স পঞ্চাশ হাজার টাকা পাবে।

\*\*\*\*\*

\*\*\*\*\*